## SATISH CHANDRA MEMORIAL SCHOOL

## ASSERTION REASONING TEST

## Class -IX

**SUBJECT : BENGALI**

**TIME. 40 MINS** **F.M.20**

**Sec -A** **5X2**

**সঠিক উত্তরটি নির্বাচন করো**

1.পাষাণে ঘটনা যদি অঙ্কিত হইত তবে কতদিনকার কত কথা আমার সোপানে সোপানে পাঠ করিতে পারিতে। পুরাতন কথা যদি শুনিতে চাও, তবে আমার এই ধাপে বইস; মনোযোগ দিয়া জলকল্লোলে কান পাতিয়া থাকো, বহুদিনকার কত বিস্মৃত কথা শুনিতে পাইবে।

আমার আর–একদিনের কথা মনে পড়িতেছে। সেও ঠিক এইরূপ দিন। আশ্বিন মাস পড়িতে আর দুই–চারি দিন বাকি আছে। ভোরের বেলায় অতি ঈষৎ মধুর নবীন শীতের বাতাস নিদ্রোত্থিতের দেহে নূতন প্রাণ আনিয়া দিতেছে। তরু–পল্লব অমনি একটু একটু শিহরিয়া উঠিতেছে।

ভরা গঙ্গা। আমার চারিটিমাত্র ধাপ জলের উপরে জাগিয়া আছে। জলের সঙ্গে স্থলের সঙ্গে যেন গলাগলি। তীরে আম্রকাননের নীচে যেখানে কচুবন জন্মিয়াছে, যেখান পর্যন্ত গঙ্গার জল গিয়াছে। নদীর ঐ বাঁকের কাছে তিনটে পুরাতন ইঁটের পাঁজা চারি দিকে জলের মধ্যে জাগিয়া রহিয়াছে। জেলেদের যে নৌকাগুলি ডাঙার বাবলাগাছের গুঁড়ির সঙ্গে বাঁধা ছিল সেগুলি প্রভাতে জোয়ারের জলে ভাসিয়া উঠিয়া টলমল করিতেছে -- দুরন্তযৌবন জোয়ারের জল রঙ্গ করিয়া তাহাদের দুই পাশে ছল ছল আঘাত করিতেছে, তাহাদের কর্ণ ধরিয়া মধুর পরিহাসে নাড়া দিয়া যাইতেছে।

ভরা গঙ্গার উপরে শরৎপ্রভাতের যে রৌদ্র পড়িয়াছে, তাহা কাঁচা সোনার মতো রঙ, চাঁপা ফুলের মতো রঙ। রৌদ্রের এমন রঙ আর কোনো সময়ে দেখা যায় না। চড়ার উপরে কাশবনের উপরে রৌদ্র পড়িয়াছে। এখনো কাশফুল সব ফুটে নাই, ফুটিতে আরম্ভ করিয়াছে মাত্র।

রাম রাম বলিয়া মাঝিরা নৌকা খুলিয়া দিল। পাখিরা যেমন আলোতে পাখা মেলিয়া আনন্দে নীল আকাশে উড়িয়াছে, ছোটো ছোটো নৌকাগুলি তেমনি ছোটো ছোটো পাল ফুলাইয়া সূর্যকিরণে বাহির হইয়াছে। তাহাদের পাখি বলিয়া মনে হয়; তাহারা রাজহাঁসের মতো জলে ভাসিতেছে, কিন্তু আনন্দে পাখা দুটি আকাশে ছড়াইয়া দিয়াছে।

a) " বহুদিনকার কত বিস্মৃত কথা শুনিতে পারবে।"

মন্তব্য – স্মৃতির মণিকোঠায় সব সঙ্কিত থাকে।

কারণ –গল্পকাহিনির স্পন্দন নিহিত আছে এই জলকল্লোলে।

i)মন্তব্য সঠিক, কারণ ভুল

ii) কারণ সঠিক, মন্তব্য ভুল

iii)উভয়ই সঠিক

iv) উভয়ই ভুল

b) "সেও ঠিক এইরূপ দিন"

মন্তব্য –স্মৃতিচারণার সেই বিশেষ দিনটির কথা বলা হয়েছে।

কারণ – সেই দিনটিও ছিল শরতের একটি দিন

i)মন্তব্য সঠিক, কারণ ভুল

ii) কারণ সঠিক, মন্তব্য ভুল

iii)উভয়ই সঠিক

iv) উভয়ই ভুল

c) "আমার চারিটিমাত্র ধাপ জলের উপরে জাগিয়া আছে।"

মন্তব্য– এখানে ঘাটের তিনটি সিঁড়ির কথা বলা হয়েছে।

কারণ – অধিক বর্ষার ফল।

i)মন্তব্য সঠিক, কারণ ভুল

ii) কারণ সঠিক, মন্তব্য ভুল

iii)উভয়ই সঠিক

d)মন্তব্য –চড়ার ওপর কাশবনে মেঘের ছায়া পড়ে।

কারণ –মেঘের অসম গতিবিধি ।

i)মন্তব্য সঠিক, কারণ ভুল

ii) কারণ সঠিক, মন্তব্য ভুল

iii)উভয়ই সঠিক

iv) উভয়ই ভুল

e)মন্তব্য – রাজহাঁসেরা জলে ভাসিতেছে।

কারণ – ছোট্ট পালের নৌকাগুলির শোভা রাজহাঁসের মতো।

i)মন্তব্য সঠিক, কারণ ভুল

ii) কারণ সঠিক, মন্তব্য ভুল

iii)উভয়ই সঠিক

iv) উভয়ই ভুল

2.প্রথম কাজ আরম্ভ করিয়াই উলাপুর গ্রামে পোস্টমাস্টারকে আসিতে হয়। গ্রামটি অতি সামান্য। নিকটে একটি নীলকুঠি আছে, তাই কুঠির সাহেব অনেক জোগাড় করিয়া এই নূতন পোস্টআপিস স্থাপন করাইয়াছে।

আমাদের পোস্টমাস্টার কলিকাতার ছেলে। জলের মাছকে ডাঙায় তুলিলে যে–রকম হয়, এই গণ্ডগ্রামের মধ্যে আসিয়া পোস্টমাস্টারেরও সেই দশা উপস্থিত হইয়াছে। একখানি অন্ধকার আটচালার মধ্যে তাঁহার আপিস; অদূরে একটি পানাপুকুর এবং তাহার চারি

পাড়ে জঙ্গল। কুঠির গোমস্তা প্রভৃতি যে–সকল কর্মচারী

আছে তাহাদের ফুরসত প্রায় নাই এবং তাহার ভদ্রলোকের সহিত মিশিবার উপযুক্ত নহে।

a) "নিকটে নীলকুঠি "

মন্তব্য –নীলকুঠিতেই বর্তমানে পোস্ট অফিস।

কারণ – এক সময় নীলকর সাহেবদের বাস ছিল।

i) মন্তব্য সঠিক, কারণ ভুল

ii) কারণ সঠিক, মন্তব্য ভুল

iii) উভয়ই সঠিক

iv) উভয়ই ভুল

b) "জলের মাছকে ডাঙায় তুলিলে যে-রকম হয়।''

মন্তব্য- জল প্রত্যেক জীবের জীবন।

কারণ – মাছ জল ছাড়া বাঁচে না।

i) মন্তব্য সঠিক, কারণ ভুল

ii) কারণ সঠিক, মন্তব্য ভুল

iii) উভয়ই সঠিক

iv) উভয়ই ভুল

c) মন্তব্য –"অদূরে একটি পানা পুকুর "

কারণ – এই পুকুরে পানের চাষ হয়

i) মন্তব্য সঠিক, কারণ ভুল

ii) কারণ সঠিক, মন্তব্য ভুল

iii) উভয়ই সঠিক

iv) উভয়ই ভুল

d) উলাপুর একটি গণ্ডগ্রাম।

মন্তব্য – গণ্ডগ্রাম মানেই সুবিধা বর্জিত স্থান।

কারণ – এখানে পরিবেশ অস্বাস্থ্যকর।

i) মন্তব্য সঠিক, কারণ ভুল

ii) কারণ সঠিক, মন্তব্য ভুল

iii) উভয়ই সঠিক

iv) উভয়ই ভুল

e) মন্তব্য – উলাপুরের বাসিন্দাদের ফুরসুত নাই

কারণ – তারা খুব ব্যস্ত

i) মন্তব্য সঠিক, কারণ ভুল

ii) কারণ সঠিক, মন্তব্য ভুল

iii) উভয়ই সঠিক

iv) উভয়ই ভুল

**Sec - B**

**সঠিক উত্তর নির্বাচন করো** **1x10**

1.মন্তব্য – রাজা + ইন্দ্র – সন্ধিবদ্ধ পদটি হল রাজেন্দ্র।

কারণ– অ কারের পর ই কার থাকায়, এ কার হয়েছে।

i) মন্তব্য সঠিক, কারণ ভুল

ii) মন্তব্য ভুল, কারণ সঠিক

iii) উভয়ই সঠিক

iv) উভয়ই ভুল

2.মন্তব্য – গো+ আদি

এর সন্ধিবদ্ধ পদটি হল গবোদি।

কারণ – ও কারের পর, আ কার থাকলে আব্ হয়

i) মন্তব্য সঠিক, কারণ ভুল

ii) মন্তব্য ভুল, কারণ সঠিক

iii) উভয়ই সঠিক

iv) উভয়ই ভুল

3.মন্তব্য – 'স্বল্প' শব্দটি একটি স্বরসন্ধিবদ্ধ পদ

কারণ – উ কারের পর উ কার আছে।

i) মন্তব্য সঠিক, কারণ ভুল

ii) মন্তব্য ভুল, কারণ সঠিক

iii) উভয়ই সঠিক

iv) উভয়ই ভুল

4. মন্তব্য – সে কি নিরুত্তর ছিল?

কারণ – এটি একটি প্রশ্নবোধক বাক্য।

i) মন্তব্য সঠিক, কারণ ভুল

ii) মন্তব্য ভুল, কারণ সঠিক

iii) উভয়ই সঠিক

iv) উভয়ই ভুল

5.মন্তব্য – ইতিবাচক ও নেতিবাচক বাক্য আমাদের কথোপকথন এর একটি বিশেষ মাধ্যম।

কারণ – নির্দেশক বাক্য দুই প্রকারের।

i) মন্তব্য সঠিক, কারণ ভুল

ii) মন্তব্য ভুল, কারণ সঠিক

iii) উভয়ই সঠিক

iv) উভয়ই ভুল

6.মন্তব্য – বাবা ছেলেকে বললেন " এখুনি বই নিয়ে এসো,যাও।"

কারণ – এটি আদেশমূলক বাক্য।

i) মন্তব্য সঠিক, কারণ ভুল

ii) মন্তব্য ভুল, কারণ সঠিক

iii) উভয়ই সঠিক

iv) উভয়ই ভুল

৭.মন্তব্য – বৃষ্টি এলো বলে, এখন বাড়ি যাও।

কারণ – এটি আসলে ইচ্ছাসূচক বাক্য

i) মন্তব্য সঠিক, কারণ ভুল

ii) মন্তব্য ভুল, কারণ সঠিক

iii) উভয়ই সঠিক

iv) উভয়ই ভুল

৪.মন্তব্য – মেলায় এসেছো ,এখন <u>রথকে দেখা।</u>

কারণ – রেখাঙ্কিত শব্দটি আসলে কর্ম তৎপুরুষ

i) মন্তব্য সঠিক, কারণ ভুল

ii) মন্তব্য ভুল, কারণ সঠিক

iii) উভয়ই সঠিক

iv) উভয়ই ভুল

9.মন্তব্য –বজ্রাহত উক্ত সমাসের ব্যাসবাক্য হল বজ্রকে হত।

কারণ – এটি একটি সম্বন্ধপদ

i) মন্তব্য সঠিক, কারণ ভুল

ii) মন্তব্য ভুল, কারণ সঠিক

iii) উভয়ই সঠিক

iv) উভয়ই ভুল

10.মন্তব্য – বহুব্রীহি সর্বদা ভিন্ন অর্থ প্রকাশ করে।

কারণ – এটি দ্বিগু সমাসের অন্তর্ভুক্ত।

i) মন্তব্য সঠিক, কারণ ভুল

ii) মন্তব্য ভুল, কারণ সঠিক

iii) উভয়ই সঠিক

iv) উভয়ই ভুল

---------------------------